দৈনিক ইত্তেফাক

C26

তারিখ 13 SEP 1987 ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

### অভিভাবকদের প্রতি ভিসি

# সন্ত্রাস রোধে সহযোগিতা না করিলে উচ্চ শিক্ষার কাঠামো ভাঙ্গিয়া পড়িবে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

বিশ্ববিদ্যালয়ের নিয়ম-কানুন মানিয়া চলার ব্যাপারে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান অভিভাবকদের প্রতি আবেদন জানাইয়াছেন। অভিভাবকদের কাছে লিখিত এক পত্রে ভিসি বলেন, ১৪ ও ১৫ই জুলাই তিনটি খুনের মধ্যদিয়া সন্ত্রাসের চূড়ান্ত পরিণতিতে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করিয়া ছাত্র-ছাত্রীদের হল ছাড়িয়া যাইতে বলা হয়। ইহার পর সন্ত্রাস রোধের জন্য তদন্ত কমিটি গঠিত হয়। কিন্তু সন্ত্রাসের মূলোৎপাটন না করিয়া আবার বিশ্ববিদ্যালয় খুলিলে অচিরেই ঘটনার পুনরাবৃত্তি ঘটিতে পারে বলিয়া আশঙ্কা প্রকাশ, বিভিন্ন সময়ে পত্র-পত্রিকায় ও সভা-সমিতিতে এ বিষয়ে প্রতিবাদ বক্তব্য উত্থাপিত হইলেও প্রকৃত

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### অভিভাবকদের প্রতি ভিসি

(১ম পৃঃ পর)

সমাধানের কোন বলিষ্ঠ পদক্ষেপ আজও নেওয়া হয় নাই। শিক্ষিত মহল তথা ব্যাপক জনগোষ্ঠী এই সন্ত্রাস রোধের প্রয়াসে সর্বাত্মক সহযোগিতা না করিলে অচিরেই আমাদের উচ্চশিক্ষার কাঠামো ভাঙ্গিয়া পড়িবে। পত্রে ভিসি বলেন, আমাদের উদ্দেশ্য কাহারও বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ নয়, বরং সচেতনতা সৃষ্টির মাধ্যমে স্থায়ী সমাধান অর্জন। কিন্তু বার বার এই প্রচেষ্টা বানচাল করিয়া কতিপয় অন্যায়কারী শিক্ষাজীবনকে চরম নৈরাজ্যের দিকে ঠেলিয়া দিয়াছে। এই অবস্থা চলিতে দেওয়া যায় না। সিণ্ডিকেট ২৭শে সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার সিদ্ধান্তের পাশাপাশি হলসমূহের নিয়মাবলী কঠোরভাবে প্রয়োগের সিদ্ধান্ত লইয়াছে। দেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী প্রতিষ্ঠানসমূহ অস্ত্রের উৎস রোধ ও অস্ত্রধারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করিয়া সুস্থ ও স্বাভাবিক শিক্ষাজীবনের গতিকে অব্যাহত রাখার সুযোগ দিবেন বলিয়া তিনি পত্রে আশা প্রকাশ করেন।